

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৪০]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْو)

পরিচ্ছেদঃ ৮৩: সালাম ফিরানোর পর তাহলীল (লা- ইলা-হা ইল্লাল্ল-হ) পড়া

باب التهليل بعد التسليم

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ شُجَاعٍ الْمَرُّوذِيُّ، قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَبِي عُتْمَانَ، قَالَ: حَدَّثَنِي أَبُو الزُّبَيْرِ، قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ الزُّبَيْرِ يُحَدِّثُ عَلَى هَذَا الْمِنْبَرِ وَهُوَ، يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ يَقُولُ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا وَهُوَ، يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ يَقُولُ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُخْلِصِينَ لَهُ إِلَّا اللَّهُ مُخْلُصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ .

تخریج دارالدعوه: صحیح مسلم/المساجد ۲۱ (۵۹۴)، سنن ابی داود/الصلاة ۳۱۰ (۱۵۰۸)، مسند احمد % (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1340 \_ صحيح

#### বাংলা

১৩৩৯. মুহাম্মাদ ইবনু শুজা' আল মারর়ায়ী (রহ.) ..... আবুয যুবায়র (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আবদুল্লাহ ইবনু যুবায়র (রাঃ)-কে এ মিম্বারের উপর বলতে শুনেছি। তিনি বলেছেন, রাসূলুল্লাহ (সা.) যখন সালাম ফিরাতেন তখন বলতেন-

"লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহু লা- শারীকা লাহু লাহুল মুলকু ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলা- কুল্লি শাইয়িন কদীর লা- হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা- বিল্লা-হি লা- ইলা-হা ইল্লাল্লহু লা- না'বুদু ইল্লা- ইয়াহু আহলান্ নি'মাতি ওয়াল ফার্যলি ওয়াসসানা-য়িল হাসানি লা- ইলা-হা ইল্লাল্ল-হু মুখলিসীনা লাহুদ্দীনা ওয়ালাও কারিহাল কাফিরূন" (আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। তিনি একক। তাঁর কোন শারীক নেই। মহাবিশ্বের গোটা রাজত্ব তাঁর। সমস্ত



প্রশংসা তাঁরই। সর্বশক্তিমান তিনি। আল্লাহ ছাড়া কারো কোন শক্তি নেই, তিনি ছাড়া কোন ভরসাস্থলও নেই। আল্লাহ ছাড়া কোন সত্য মা'বুদ নেই। আমরা কেবল তাকে ছাড়া আর কারো গোলামী করি না। সমস্ত নি'আমাত, অনুগ্রহ ও উত্তম গুণাবলীর অধিকারী তিনিই। আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমরা একনিষ্ঠভাবে কেবল তারই আনুগত্য করি- যদিও কাফিররা তা পছন্দ করে না।)।

## **English**

83. The Tahlil (Saying La Maha Illallah) After The Taslim

Abu Az-Zubair said: I heard Abdullah bin Az-Zubair speaking from the Minbar, saying: 'When the Messenger of Allah () said the taslim, he would say: La Ilaha Illallah wahdahu la sharika lah, lahul-mulk wa lahul-hamd wa huwa 'ala kulli shay'in qadir, la hawla wala quwwata illa billahil-'azim; la ilaha ill-Allahu wa la nabbed illa iyyah, ahlan-ni'mati wal-fadli wath-thana'ilhas an; la ilaha ill-Allah, mukhlisina lahud-dina wa law karihal-kafirun (There is none worthy of worship except Allah (SWT) alone, with no partner or associate. His is the Dominion, to Him be all praise, and He is able to do all things; there is no power and no strength except with Allah (SWT) the Almighty. There is none worthy of worship except Allah (SWT), and we worship none but Him, the source of blessing and kindness and the One Who is deserving of all good praise. There is none worthy of worship except Allah (SWT), and we are sincere in faith and devotion to Him even though the disbelievers detest it.)

## ফুটনোট

সহীহ: মুসলিম ৫৯৪, আবু দাউদ ১৫০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুয্ যুবায়র (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন